

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি সেল
www.sid.gov.bd


স্মারক নং:-৫২.০০.০০০০.০২২.০৫.০১৭.১৯-৭৩

তারিখ: ১৭-১২-২০১৯ খ্রি:

অফিস আদেশ

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ এর ৬ নং ক্রমিকে বর্ণিত উদ্দেশ্য “উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন” এর অংশ হিসেবে জনশুমারি-২০২১ এর হাউজহোল্ড লিস্টিং অপারেশন কার্যক্রম ডিজিটাইজড পদ্ধতিতে সহজভাবে সম্পাদনের লক্ষ্যে “Census/ Survey Household Listing System” নামে একটি উদ্ভাবনী উদ্যোগ পাইলটিং হিসেবে বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উক্ত উদ্যোগটি বাস্তবায়ন হলে আইসিআর ভিত্তিক পেপারবেইজড ম্যানুয়াল লিস্টিং কার্যক্রমের যাবতীয় প্রতিবন্ধকতা এড়ানো সম্ভব হবে এবং সদর দপ্তর হতেই মাঠ পর্যায়ের লিস্টিং কার্যক্রম পর্যবেক্ষণ করা যাবে। এই উদ্ভাবনী উদ্যোগটির পাইলটিং বাস্তবায়িত ও সফল হলে পরবর্তীতে সারাদেশে এর বাস্তবায়ন করা সম্ভব হবে। এতে দ্রুত তথ্য সংগ্রহসহ সরকারের অনেক অর্থ সাশ্রয় হবে এবং সময় বাঁচবে।

এমতাবস্থায়, উক্ত আইডিয়াটির পাইলটিং বাস্তবায়নের জন্য এ বিভাগের সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম-কে দায়িত্ব প্রদান করা হলো। উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর ৬.১.১ অনুযায়ী উক্ত কার্যক্রমের সূচক হিসেবে কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ অফিস আদেশ জারি করা হলো।


২৭/১২/১৯
(মু. ওয়াইসিডি মুরাদ)
প্রোগ্রামার

ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
ফোনঃ ৫৫০০৭০৯০

ই-মেইলঃ murad@sid.gov.bd

বিতরণ: (কার্যার্থে ও জ্ঞাতার্থে)

জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম

সিস্টেম এনালিস্ট

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন/তথ্য ব্যবস্থাপনা/ প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৩. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
৪. যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) ও চীফ ইনোভেশন অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৫. সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৬. প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।